

## রাজশাহীতে বিনামূল্যের ল্যাপটপে অর্থ নিচ্ছেন শিক্ষা কর্মকর্তা

স্টাফ রিপোর্টার, রাজশাহী। রাজশাহীতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যের ল্যাপটপ বিতরণে অর্থ, নৈরাজ্য অভিযোগ উঠেছে। প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও ক্রাসে মাল্টিমিডিয়া প্রজেক্টের পাঠদানে সরকারীভাবে ল্যাপটপগুলো সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের কথা। তবে সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিস থেকে বিতরণের সময় প্রতিটি ল্যাপটপের বিপরীতে পাঁচশ টাকা করে জোরপূর্বক আদায় করা হয়েছে। মৌখিকভাবে প্রতিবাদ করেও কোন প্রতিকার না পেয়ে সাংবাদিকদের অভিযোগ করেন বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা। জানা গেছে, প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে ক্রাসে মাল্টিমিডিয়া প্রজেক্টের পাঠদানের জন্য প্রাথমিক শিক্ষা অধিদফতরের মাধ্যমে কয়েক বছর থেকে সরকারীভাবে ল্যাপটপগুলো বিনামূল্যে বিতরণ করা হচ্ছে। চলতি বছরের জন্য রাজশাহীর ১০টি উপজেলার আটটি করে ৮০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ছাড়াও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের জন্য একটি করে মোট ৮৮টি ল্যাপটপ গত ১০ মার্চ বিতরণ করা হয়। তবে প্রাথমিক শিক্ষা অফিস থেকে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকদের পাঁচশ টাকা করে বাধ্যতামূলকভাবে আদায় করা হয়। শিক্ষকরা বাধ্য হয়ে পাঁচশ টাকা করে জমা দিয়ে ল্যাপটপ গ্রহণ করেন। এ নিয়ে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকদের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষের সৃষ্টি হয়। প্রধান শিক্ষকরা বলেন, বিদ্যালয়ের নিজস্ব কোন ক্ষতি থাকে না। সেক্ষেত্রে সরকারীভাবে বরাদ্দকৃত ল্যাপটপ বিতরণে পাঁচশ টাকা করে আদায় অযৌক্তিক। তারা উপজেলা শিক্ষা কর্মকর্তাদের আচরণ পরিবর্তন ও প্রাথমিক শিক্ষাকে 'ঘুমমুক্ত' করার দাবিও জানান। যোগাযোগ করা হলে নগরীর বোয়ালিয়া থানা শিক্ষা কর্মকর্তা রাখি চক্রবর্তী টাকা আদায়ের সত্যতা স্বীকার করে বলেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সিক্সথ মোতাবেক এ টাকা নেয়া হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবুল কাশেম জানান, দুই সপ্তাহের ছুটিতে থাকার কারণে বিষয়টি তার জানা নেই।

### চলছে বদলি বাগিছা